Department of Education
Chancellor David C. Banks

5 জানুয়ারি, 2022

প্রিয় পরিবারবর্গ,

আপনাদের নতুন স্কুল চ্যান্সেলর হবার পর মেয়র এরিক অ্যাডামস্-এর সাথে কাজ করতে পেরে আমি সম্মানিত বোধ করছি - এবং আপনাদের সন্তানদেরকে তাদের বহু-প্রত্যাশিত শীতের ছুটির পর স্কুলে ফিরে আসায় স্বাগত জানাতে পেরেও আমি আনন্দিত। আমাদের ছেলেমেয়ে, পরিবার এবং স্টাফদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের প্রধান প্রাধান্য। আমি আশা করি আপনারা সম্প্রতি প্রদত্ত চিঠিটি পেয়েছেন যেখানে নতুন স্বাস্থ্য এবং সুরক্ষার পদক্ষেপসমূহ উল্লিখিত আছে যেগুলি চালু রেখেছি যাতে নিশ্চিত করা যায় যেন আমাদের সন্তানেরা সুরক্ষিত এবং আমাদের স্কুলগুলি খোলা থাকে। আমরা আমাদের পরিবারগুলিকে পরীক্ষা (টেস্ট) করানো, ভ্যাকসিন নেয়া, এবং স্কুলের-ভিতর টেস্টিং-এর ব্যাপারে অনবরত উৎসাহিত করছি। আপনি যদি চিঠিটি না পেয়ে করে থাকেন, আপনি সেটি schools.nyc.gov/messagesforfamilies ওয়েবপেজ-এ পড়তে পারেন।

একজন পিতা এবং জীবন-ব্যাপী শিক্ষাবিদ হিসেবে, আমি বিশ্বাস করি যে প্রতিটি তরুণের মেধা, আকাঙ্খা, এবং গুণ রয়েছে। আমি এও বিশ্বাস করি সকল শিক্ষার্থীর একটি শক্তিশালী অ্যাকাডেমিক ভিত্তি প্রাপ্য যা তাকে চাকরির দক্ষতাসহ গ্র্যাজুয়েট হবার জন্য প্রস্তুত করে। সমান গুরুত্বপূর্ণ হলো, তাদের শারীরিক এবং মানসিক স্বাস্থ্য বিকাশের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সহায়তা তাদের প্রাপ্য ।

এবং ব্রুকলিনে জন্মগ্রহণকারী একজন গর্বিত নিউ ইয়র্কার হিসেবে, আমি জানি একজন চমৎকার শিক্ষক এবং একটি দারুণ স্কুল একজন শিক্ষার্থীর জীবনে কতটা পরিবর্তন ঘটাতে পারে। আমি কখনও ভুলবো না ব্রুকলিনের P.S. 161-এর সেই শিক্ষককে যিনি আমার জীবনের মোড় পরিবর্তন করেছিলেন: মিসেস মিলড্রেড স্কট (Mrs. Mildred Scott)। তিনি আমাকে শিখিয়েছেন কৃষ্ণাঙ্গদের ইতিহাস এবং সংস্কৃতি। তিনি আমাকে এও শিখিয়েছেন যে আমার কমিউনিটির প্রতি আমার একটি দায়িত্ব রয়েছে, যে একটি মূল্যবোধটি আমার বাবা-মায়ের দ্বারা আরও জোরদার হয়েছে।

আমি সেই শিক্ষা নিয়ে কুইন্সে গিয়েছি, যেখানকার হিলক্রেস্ট হাই স্কুল থেকে আমি গ্র্যাজুয়েট হয়েছি এবং তারপর কলেজে পড়েছি। যদিও, আমি শিক্ষক হবার জন্য কোন পরিকল্পনা করিনি। বস্তুত, আমি এক বছরের জন্য একজন স্কুল সেফটি অফিসার ছিলাম যখন শিক্ষকতার বিষয়টি আমার মাথায় এসেছে। আপনি কি জানেন, আমি আমার প্রথম শিক্ষকতার কাজটি আমার পুরনো মহল্লা ইস্টার্ন পার্কওয়ের P.S. 167-এ শুরু করেছিলাম। সেখান থেকে, আমি ব্রংক্স স্কুল ফর ল, গভর্নমেন্ট অ্যান্ড জাস্টিস-এর এবং পরে ইগল্ অ্যাকাডেমি ফর ইয়াং মেন-এর প্রতিষ্ঠাতা প্রিন্সিপ্যাল হই, যেখানে আমি প্রমাণ করেছি যে ভিন্ন বর্ণের তরুণদেরকে পাবলিক-স্কুল পরিবেশেও উচ্চ-মানসম্পন্ন কলেজ প্রস্তুতির শিক্ষা প্রদান সম্ভব।

30 বছরের বেশি সময় যাবত এই কাজটি করে, আমি শিক্ষা বিষয়ে কিছু জিনিস জেনেছি। আমি জানি যে, কীভাবে প্রক্রিয়াটির উন্নতি সাধন সম্ভব তার উত্তর আমাদের শিক্ষক, প্রিন্সিপ্যাল, শিক্ষার্থী এবং পরিবারের হৃদয়ে বিদ্যমান। আমি শিখেছি যে পুরো কমিউনিটিকে সংশ্লিষ্ট করা ছাড়া সকল শিক্ষার্থীকে পরিষেবাদানে উদ্ভাবনী এবং উচ্চ-মান সম্পন্ন স্কুলসমূহ তৈরি আপনি করতে পারবেন না। এবং তাই, আপনাদের চ্যান্সেলর হিসেবে আমার প্রথম সপ্তাহে, জাতির সর্ববৃহৎ স্কুল ব্যবস্থা যাতে জাতির সর্বশ্রেষ্ঠ স্কুল ব্যবস্থা হয়ে উঠতে পারে সেটি নিশ্চিত করতে আমি আপনাদের মতামত এবং অংশীদারত্বকে স্বাগত জানিয়ে একযোগে কাজ করতে চাই।

এই লক্ষ্য অর্জন করতে, আমরা আমাদের প্রত্যেক মহল্লার সকল শিক্ষার্থীর পক্ষ হয়ে - কাজ করবো, এবং বিশেষভাবে ঐসব শিক্ষার্থী যারা ঐতিহাসিকভাবে পিছিয়ে আছে। যেসব ছেলেমেয়ে ইংরেজিতে কথা বলতে শিখছে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী। যেসব ছেলেমেয়ে অস্থায়ী আবাসনে (টেম্পোরারী হাউজিং) বসবাস করে। আমরা আমাদের সকল শিক্ষার্থীর জন্য দিন-রাত কাজ করবো, কারণ তারা সাফল্য অর্জনে


সক্ষম। এর অর্থ প্রত্যেক শিক্ষার্থীকে হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হতে, কলেজে যেতে বা একটি পেশা আয়ত্ত করতে, একটি ভালো চাকরি পেতে, এবং তাদেরকে সজ্ঞাত ও সংশ্লিষ্ট নাগরিক হিসেবে গড়ে তুলতে প্রয়োজনীয় সহায়তা, শিক্ষণ অভিজ্ঞতা, এবং উপকরণ প্রদান করা।

আপনারা সবসময় আমার সততায় আস্থা রাখতে পারেন। আমি এটিকে চিনি-মাখানো বিষয় হিসেবে উপস্থাপন করছি না: আমাদের সামনে বিরাট চ্যালেঞ্জ, এবং আমরা শুধু আমাদের এই বৃহৎ সিস্টেমকে সকল-হাত-এক করার পদ্ধতিতে পরিবর্তন করতে পারি। এটি আরও একান্তভাবে সত্য যেহেতু আমরা বিশ্বমারীর তৃতীয় বছরে পা রাখছি যা আমাদের জন্য শিক্ষকতা এবং শিক্ষণে নতুন পথসমূহের সাথে খাপখাওয়াতে বাধ্য করছে।

এখানেই আপনার, আমাদের পরিবারগুলির ভূমিকা রয়েছে। আমরা আপনাদের প্রত্যেকের কাছে পৌঁছুতে চাই এবং আপনার সন্তানের শিক্ষায় আপনাদেরকে অংশীদার হিসেবে স্বাগতম জানাই। আপনাদের সন্তানের শিক্ষায় প্রভাব ফেলে এমন সব নীতির বিষয়ে আমরা আপনার মতামত চাই। আগামী মাসগুলিতে আপনি আমাদের স্কুল সিস্টেমের সাথে যোগাযোগের আরও নতুন এবং উন্নত উপায় দেখতে শুরু করবেন। আমরা আপনাকে আপনার সন্তানের, আপনার স্কুলের, এবং আপনার কমিউনিটির পক্ষে ওকালতিতে ক্ষমতায়িত করতে চাই। আমরা আমাদের ঐসব পিতামাতাকে সম্পৃক্ত করতে চাই যারা সাধারণভাবে স্কুল সিস্টেমের সাথে সংশ্লিষ্ট নন এবং তাদের গুরুত্বপূর্ণ মতামতকে আরও মূল্য দিতে চাই।

আমি এই চিঠি শুরু করেছিলাম সুরক্ষায় আমার প্রতিশ্রুতি দিয়ে এবং আমি আপনাদেরকে আবারও নিশ্চিত করতে চাই যে আমাদের ক্ষমতার সবটুকু দিয়ে আমরা আপনার সন্তানদেরকে সুরক্ষিত এবং স্কুলগুলি খোলা রাখবো, যতটা সম্ভব কম ব্যাঘাতসহ। আমরা নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের কাছে কম কৃতজ্ঞ নই। আমরা আমাদের শিক্ষার্থীদেরকে যখন উন্নত করছি সেই সময়ে আপনাদের উষ্ণ শুভেচ্ছা এবং সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ।

উচ্চ প্রত্যাশাসহ,



ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন